Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 08 May, 2025

পাকিস্তান ও পাকিস্তান-শাসিত আজাদ কাশ্মিরে ভারতের ক্ষেপণাস্ত্র হামলায় ৩১ জন নিহত হয়েছে বলে জানিয়েছে পাকিস্তান সরকার।এই ঘটনার পর সামরিক বাহিনীকে পাল্টা হামলার অনুমোদন দিয়েছে ইসলামাবাদ।

পাকিস্তান বলছে, ভারতকে এই হামলার "মূল্য দিতে হবে"।এমন অবস্থায় সংঘাত বন্ধের আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।তিনি বলেছেন, আমি দুই দেশকেই ভালোভাবে চিনি।আমি চাই তারা এই সংঘাত বন্ধ করুক।

বৃহস্পতিবার (৮ মে) এই তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি।

সংবাদমাধ্যমটি বলছে, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প পাকিস্তান ও ভারতের মধ্যে চলমান উত্তেজনা নিয়ে সংক্ষেপে মন্তব্য করেছেন।

হোয়াইট হাউসের ওভাল অফিসে সাংবাদিকদের তিনি বলেন, "আমি দুই দেশকেই ভালোভাবে চিনি।আমি চাই তারা নিজেদের মধ্যে বিষয়গুলো মিটিয়ে নিক।আমি চাই তারা এই সংঘাত বন্ধ করুক।"

ট্রাম্প আরও বলেন, "আমি যদি কোনোভাবে সাহায্য করতে পারি, তাহলে অবশ্যই পাশে থাকব।"

এর আগে পাকিস্তানের আজাদ কাশ্মিরসহ দেশটির কয়েকটি স্থানে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ভারত।মধ্যরাতে দেশটির মোট নয়টি জায়গায় চালানো এই হামলায় নিহতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩১ জনে।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় পাকিস্তানের বিভিন্ন স্থানে ভারতের ক্ষেপণাস্ত্র হামলাকে লজ্জাজনক বলে আখ্যায়িত করেছিলেন প্রেসিডেন্ট ট্রাম্প। এমনকি পারমাণবিক শক্তিধর ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘর্ষ "খুব দ্রুত" শেষ হবে বলেও সেসময় আশাপ্রকাশ করেন তিনি।

ডোনাল্ড ট্রাম্প পাকিস্তান ট্রাম্প সামরিক বাহিনী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 11 June, 2025 00:20

URL: https://timestodaybd.com/public/international/2134212134